| Surname | | Other Names | |
|---|---|---|---|
| Centre Number | | Candidate Number | |
| Candidate Signature | | | |

For Examiner's Use

General Certificate of Secondary Education
June 2008

**BENGALI**
**Reading Test**
**Higher Tier**

**3636/RH**

# H

ASSESSMENT and QUALIFICATIONS ALLIANCE

Monday 9 June 2008 9.00 am to 9.50 am

**You will need no other materials.**

Time allowed: 50 minutes

**Instructions**
- Use black ink or black ball-point pen.
- Fill in the boxes at the top of this page.
- Write your answers in this combined question paper/answer book.
- Answer **all** questions.
- You must answer the questions in the spaces provided. Answers written in margins or on blank pages will not be marked.
- In **Section A** answer the questions in **Bengali**.
- In **Section B** answer the questions in **English**.

**Information**
- The maximum mark for this paper is 45.
- The marks for questions are shown in brackets.
- You must **not** use a dictionary at any time during this test.

| For Examiner's Use | | | |
|---|---|---|---|
| Question | Mark | Question | Mark |
| 1 | | 9 | |
| 2 | | 10 | |
| 3 | | | |
| 4 | | | |
| 5 | | | |
| 6 | | | |
| 7 | | | |
| 8 | | | |
| Total (Column 1) → | | | |
| Total (Column 2) → | | | |
| **TOTAL** | | | |
| Examiner's Initials | | | |

Areas outside the box will not be scanned for marking


# ক বিভাগ

## প্রশ্ন ও উত্তর বাংলায় দিতে হবে

**1** তুমি আবহাওয়ার খবর পড়ছো।

> আগামী কাল লন্ডনে আবহাওয়া ভালো থাকবে। সকালে বেশ রোদ থাকবে। দুপুরে মেঘলা হবে। বিকালে বাতাস থাকবে। রাতে সামান্য দু-এক ফোঁটা বৃষ্টি হতে পারে।


ক



খ




গ




ঘ



ঙ



চ



কখন কেমন আবহাওয়া থাকবে? বাক্সে ঠিক অক্ষর লেখো।


**উদাহরণ**

| | | |
|---|---|---|
| বিকাল | চ | |
| সকাল | | *(1 mark)* |
| দুপুর | | *(1 mark)* |
| রাত | | *(1 mark)* |

3

Areas outside the box will not be scanned for marking

**2** তুমি নিচের নোটিসটা পড়ছো।



## নিখোঁজ সংবাদ

একটি পাঁচ বছরের ছেলে ডেভিডকে খুঁজে পাওয়া যাচ্ছে না। তার পিঠে একটা ছোট্ট নীল ব্যাগ, গায়ে সাদা শার্ট। সে প্রায় তিন ফুট লম্বা। বিকালে অন্য ছেলেমেয়েদের সাথে পার্কে খেলছিলো। কেউ খোঁজ পেলে দয়া করে পুলিস স্টেশনে জানিয়ে দেবেন অথবা ০২০০ ৯৩১৫৫৩৯ নম্বরে ফোন করবেন।

এভাবে উত্তর দাও:

| | |
|---|---|
| হ্যাঁ | ✓ |
| না | x |
| জানি না | ? |

**উদাহরণ**

| | | |
|---|---|---|
| ডেভিডের বয়স ৫ বছর | ✓ | |
| ডেভিড স্কুলে হারিয়ে গেছে। | | *(1 mark)* |
| তার পিঠে একটা ব্যাগ ছিলো। | | *(1 mark)* |
| সে প্রায় চার ফুট লম্বা। | | *(1 mark)* |
| তার ছোটো একটা ভাই আছে। | | *(1 mark)* |

4

**Turn over ▶**

Areas outside the box will not be scanned for marking

**3** তুমি এই চিঠিটা পড়ছো:

প্রিয় রানু,


আগামী ১৪ই জুন এক সপ্তাহের জন্যে আমরা জার্মেনিতে যাবো ঠিক করেছি। আমরা ভাবছি ৬/৭জন বন্ধু মিলে ট্রেনে অথবা ফেরিতে যাবো। তোমাকেও আমাদের সাথে আনন্দ করতে এবং বেড়াতে যেতে হবে। অবশ্যই আগামী কাল জানাবে।

ইতি

দিলারা

নিচের শব্দগুলি থেকে ঠিক শব্দ বেছে নিয়ে, চিঠির ফাঁকা জায়গায় সঠিক সংখ্যা বসাও:

| | |
|---|---|
| ১ | বহুদিন |
| ২ | সুযোগ |
| ৩ | আগামী |
| ৪ | খুশি |
| ৫ | কাজ |
| ৬ | শিগগির |
| ৭ | রক্ষা |



প্রিয় দিলারা,

তোমার ই-মেইল পেয়ে খুব [৪] (উদাহরণ) হয়েছি। আমি তো [ ] বেড়াতে যাইনি। তাই আমার জন্যে এটা একটা বড়ো [ ]। একঘেয়ে [ ] থেকে কিছুদিনের জন্যে [ ] পাওয়া যাবে। যাই হোক, কাল তোমার সঙ্গে দেখা করবো।

ইতি

রানু

*(4 marks)*

4

Areas outside the box will not be scanned for marking

**4** তুমি নিচের লেখাটি পড়োঃ

> গরমের সকাল। চার দিক রোদে ভরা। রেলগাড়িতে বসে অপেক্ষা করছি। কখন এসে কলকাতা পৌঁছবো। ধীরে ধীরে সূর্য ঢাকা পড়লো মেঘে। রেলের কুলিদের গলা শোনা গেলো – 'হাওড়া, হাওড়া'। হঠাৎ রেলগাড়ি কলকাতার হাওড়া স্টেশনে থেমে গেলো। রেলগাড়ি থেকে নেমে আমাদের গাড়িতে উঠলাম। খানিকটা এগোতেই চোখে পড়লো গঙ্গা নদী। নদীর বুকে কতো নৌকা চোখে পড়লো। গাড়িতে করে যেতে যেতে দেখলাম বাস, ট্যাক্সি আরও গাড়ির ভিড়।

এবারে নিচের প্রশ্নগুলির উত্তর লেখো।

**4** (ক) কলকাতায় যাবার পথে সকালটা কেমন ছিলো?

.............................................................................................................................................

*(1 mark)*

**4** (খ) কারা 'হাওড়া' বলে চিৎকার করছিলো?

.............................................................................................................................................

*(1 mark)*

**4** (গ) গাড়িতে যাওয়ার সময় কোন নদীটা চোখে পড়লো?

.............................................................................................................................................

*(1 mark)*


| |
|---|
| |
| 3 |

**Turn over for the next question**

Areas outside the box will not be scanned for marking

**5** তুমি এই ডায়রিটা দেখছো।





| | |
|---|---|
| ১৬ই ডিসেম্বর সোমবার: | আম্মাকে নিয়ে চশমার দোকানে যেতে হবে। |
| ১৭ই ডিসেম্বর মঙ্গলবার: | অঙ্কের কোর্সওয়ার্ক শেষ করতে হবে। |
| ১৮ই ডিসেম্বর বুধবার: | রেডিং-এ চাচার বাড়িতে নিমন্ত্রণ আছে। |
| ১৯শে ডিসেম্বর বৃহস্পতিবার: | লাইব্রেরির বই ফেরত দেবো। |
| ২০শে ডিসেম্বর শুক্রবার: | ছোটো বোনকে নিয়ে সিনেমায় যাবো। |
| ২১শে ডিসেম্বর শনিবার: | হাসপাতালে কানের অ্যাপয়েন্টমেন্ট আছে। |
| ২২শে ডিসেম্বর রবিবার: | পরিবারের সবাই মিলে সুবর্ণরেখা ছবিটা দেখবো। |

এবারে নিচের প্রশ্নগুলির উত্তর দাও।

**5** (ক) তুমি চাচার বাড়ি কেন যাবে?

.......................................................................................................................................

*(1 mark)*

**5** (খ) অঙ্কের কোর্সওয়ার্ক কবে শেষ করতে হবে?

.......................................................................................................................................

*(1 mark)*

**5** (গ) কার সাথে সিনেমায় যাবে?

.......................................................................................................................................

*(1 mark)*

**5** (ঘ) সুবর্ণরেখা ছবিটি কারা দেখবে?

.......................................................................................................................................

*(1 mark)*

4

Areas outside
the box will
not be scanned
for marking

6 তুমি নিচের বিজ্ঞাপনটি পড়ছো।

অনুষ্ঠান

রবীন্দ্র-নজরুল সন্ধ্যা

স্থান: রেডব্রিজ টাউন হল
দিন: ১৬ই জুলাই ২০০৮
সময়: বিকাল চারটা থেকে রাত দশটা



অনুষ্ঠান-সূচী

| | |
|---|---|
| গিটার | গান |
| বেহালা | আবৃত্তি |
| নৃত্যনাট্য | হাস্যকৌতুক |
| প্রবেশমূল্য: | ৬ পাউন্ড |

যোগাযোগ করুন: রহিমা খান
টেলিফোন নম্বর: ০২০০ ১২৩৪৫৬৭

নিচের প্রশ্নগুলির উত্তর লেখো:

6 (ক) অনুষ্ঠানটার নাম কি? সেখানে কি হবে?

..........................................................................................................

..........................................................................................................

(2 marks)

6 (খ) অনুষ্ঠানটি কোথায় হবে? কখন শুরু হবে?

..........................................................................................................

..........................................................................................................

(2 marks)

6 (গ) টিকিটের দাম কতো?

..........................................................................................................

(1 mark)

5

Areas outside the box will not be scanned for marking

7 নিচের লেখাটি পড়ে প্রশ্নের উত্তর দাও।

**পরিবেশ–দূষণ**

আজকাল পরিবেশ নিয়ে চারদিকে আলোচনা চলছে। কাগজ খুললেই থাকে পরিবেশকে রক্ষা করার কথা। রেডিও খুললেও শোনা যায় আকাশ-বাতাস পরিষ্কার রাখার কথা। যে দেশ যতো গাড়ি চালাচ্ছে, প্লেন চালাচ্ছে তারাই ততো বেশি পরিবেশ দূষণ করছে। সব দেশেই আজকাল গাছপালা কেটে রাস্তাঘাট, বাড়িঘর, কল-কারখানা তৈরি করে চলেছে।

নিচের প্রশ্নগুলির উত্তর লেখো:

7 (ক) কাগজ খুললে কি খবর থাকে?

..........................................................................................................................

*(1 mark)*

7 (খ) কিভাবে পরিবেশ-দূষণ করা হচ্ছে? একটির নাম লেখো।

..........................................................................................................................

*(1 mark)*

7 (গ) গাছপালা কেটে কি কি তৈরি করা হচ্ছে? দুটির নাম লেখো।

..........................................................................................................................

..........................................................................................................................

*(2 marks)*

4

Areas outside the box will not be scanned for marking

**8** তুমি ক্লিনিকে এই লিফলেটটি পড়ছো।

## শরীর সুস্থ রাখার উপায়:

**আজকাল সংসারের সব দিক সামলাতে গিয়ে অনেকে নিজের স্বাস্থ্যের কথা ভুলে যাচ্ছে।**

- সকালে ঠিকমতো নাস্তা খাবেন। দুধ, সিরিয়াল, ফল ইত্যাদি স্বাস্থ্যের জন্যে ভালো।
- সুস্থ থাকার জন্যে অন্তত প্রতিদিন ৬/৭ ঘণ্টা ঘুমানো প্রয়োজন।
- দিনে যথেষ্ট পানীয় খাবেন। তা ছাড়া, ফলের রস, চা, কফি খেলে ভালো।
- কোমরের ব্যথা বা সামান্য জ্বরকে অবহেলা না করে ডাক্তারের সঙ্গে যোগাযোগ করবেন। ওষুধ খেতে ভুলবেন না।
- প্রতিদিন সকালে হাঁটতে যাবেন। ৫ থেকে ১০ মিনিট ব্যায়াম করলে ভালো।
- আপনি অসুস্থ হলে প্রভাব পড়বে পরিবারের উপর। স্বাস্থ্যই সকল সুখের মূল।

এবার নিচের প্রশ্নগুলির উত্তর লেখো:

**8** (ক) অনেকের শরীরের কথা মনে থাকে না কেন?

.............................................................................................................................

*(1 mark)*

**8** (খ) সকালের জন্যে কোন খাবারটা ভালো। একটির নাম লেখো।

.............................................................................................................................

*(1 mark)*

**8** (গ) কোন কোন জিনিস অবহেলা করা ভালো নয়। দুটির নাম লেখো।

.............................................................................................................................

.............................................................................................................................

*(2 marks)*

**8** (খ) সুস্থ শরীরের জন্যে কয় ঘণ্টা ঘুম দরকার?

.............................................................................................................................

*(1 mark)*

5

**Turn over ▶**

Areas outside the box will not be scanned for marking

9 নিচের লেখাটি পড়ে নিচের প্রশ্নগুলির উত্তর দাওঃ

মালেকারা তিন ভাইবোন। এক ভাই, দু বোন। ওদের বাবামা শিক্ষিত ও ভালো কাজ করেন। ওদের পড়াশোনায় মাবাবা খুব নজর রাখেন। ওরা তিনজনই লেখাপড়ায় বেশ মনোযোগী। ভাই ইকবাল কম্পিউটার সায়েন্স নিয়ে ডিগ্রি করছে। বড়ো বোন শাপলা এ বছর এ লেভেল পরীক্ষা দেবে। বায়োলজি, ইংরেজি আর অঙ্ক নিয়ে এ লেভেল পড়ছে। অঙ্ক নিয়ে ডিগ্রি করবে। ভবিষ্যতে শিক্ষকতা অথবা অ্যাকাউন্টেন্সি ফার্মে কাজ করতে চায়।

মালেকা সবার ছোটো। ও একটু আদুরে আর অলস। বেশ বুদ্ধিমতী, কিন্তু পরিশ্রম করতে চায় না। বাড়িতে সবাই আশা করছে, ও আইন নিয়ে পড়বে।

সে শিশু বয়স থেকে বড়োদের উপদেশ শুনে মানুষ হয়েছে। সে জন্যে সে মনে মনে পরিকল্পনা করেছে যে, সে একজন সলিসিটর হবে। সমাজে অন্যায় অপরাধ বেড়ে চলেছে। সে সমাজকে সাহায্য করবে। এখন থেকে তাকে আর অলসতা করলে চলবে না – এই প্রতিজ্ঞা করলো সে।

9 (ক) শাপলার কি ধরনের কাজ করার ইচ্ছা? একটি কাজের নাম লেখো।

.............................................................................................................................................

*(1 mark)*

9 (খ) মালেকা কি ধরনের মেয়ে? দুটি বিষয় লেখো।

.............................................................................................................................................

.............................................................................................................................................

*(2 marks)*

9 (গ) মালেকার সলিসিটর হওয়ার ইচ্ছা কেন?

.............................................................................................................................................

*(1 mark)*

4

**Turn over for the next question**

**DO NOT WRITE ON THIS PAGE**
**ANSWER IN THE SPACES PROVIDED**

**Turn over ▶**

Areas outside the box will not be scanned for marking

## SECTION B

Questions and answers in **English**.

**10** Read the following passage and answer the questions that follow.

আরও একজন বাঙালী নোবেল পুরস্কার পেয়েছেন! ইনি বাংলাদেশের অর্থনীতিবিদ মুহাম্মদ ইউনুস। এর পেছনে রয়েছে তাঁর দীর্ঘ দিনের পরিশ্রম। গ্রামের গরিবদের জন্যে তিনি "গ্রামীণ ব্যাংক" নামে যে-ব্যাংক গড়ে তুলেছেন, সে জন্যে তাঁকে এই পুরস্কার।

যাঁরা খুব গরিব এবং যাঁদের কেউ টাকা ধার দেয় না, এ ব্যাংক তাঁদের ধার দেয়। মুহাম্মদ ইউনুস গরিবদের উৎসাহিত করেন এই ব্যাংক থেকে ধার নিতে। এখন লাখ লাখ লোক এই ব্যাংকে যোগ দিয়েছেন। তিনি এই ব্যাংকের কাজ শুরু করেছিলেন সামান্য কিছু টাকা নিয়ে। এখন এর আছে তিন শো কোটি ডলারেরও বেশি।

ইউনুস অ্যামেরিকায় লেখাপড়া করতে গিয়েছিলেন। সেখান থেকে স্বাধীনতা সংগ্রামে যোগ দিয়েছিলেন। স্বাধীন হওয়ার সঙ্গে সঙ্গে তিনি দেশে ফিরে আসেন।

আগে থেকেই আশা করেছিলাম যে, তিনি একদিন নোবেল পুরস্কার পেয়ে যাবেন। তারপর গত পরশু টেলিভিশনে তাঁর পুরস্কার পাওয়ার খবর শুনে আনন্দে আমি বাচ্চাদের মতো চিৎকার করেছি। পাগলের মতো ছুটে বেড়িয়েছি সারা বাড়িতে। এতো আনন্দ কোথায় রাখবো, বুঝে উঠতে পারছিলাম না।

প্রফেসর ইউনুস গরিবদের অল্প ধার দেওয়ার যে-রীতি চালু করেন, ইংরেজিতে তাকে বলে মাইক্রো-ক্রেডিট। এ দিয়ে বাংলাদেশের তিরিশ লাখ পরিবারের উন্নতি হয়েছে। তা ছাড়া, এই পদ্ধতি এখন পৃথিবীর শতাধিক দেশে চালু হয়েছে। তিনি বলেছেন যে, এই পদ্ধতি দিয়ে তিনি সারা পৃথিবীর গরিবী হটিয়ে দেবেন।

নোবেল পুরস্কারের টাকা অবশ্য তিনি একা পাবেন না, এ পুরস্কারের সমান ভাগীদার হবে তাঁর গ্রামীণ ব্যাংক। গ্রামীণ ব্যাংক আরও বড়ো হবে এবং আরও বেশি লোককে ধার দিতে পারবে।

**10** (a) Why did Professor Muhammad Yunus get the Nobel Prize?

..........................................................................................................................

*(1 mark)*

**10** (b) What did he do to make the Grameen Bank successful? Mention **two** things.

1 ......................................................................................................................

2 ......................................................................................................................

*(2 marks)*

Areas outside the box will not be scanned for marking

**10** (c) When did he come back from America?

.............................................................................................................................

*(1 mark)*

**10** (d) What did the writer do after hearing the great news? Mention **two** things.

1 ..........................................................................................................................

2 ..........................................................................................................................

*(2 marks)*

**10** (e) What was the Professor's contribution towards his society and world? Mention **two** things.

1 ..........................................................................................................................

2 ..........................................................................................................................

*(2 marks)*

**10** (f) How was the prize money distributed?

.............................................................................................................................

*(1 mark)*

**9**

**END OF QUESTIONS**

**There are no questions printed on this page**

**DO NOT WRITE ON THIS PAGE**
**ANSWER IN THE SPACES PROVIDED**

**There are no questions printed on this page**

**DO NOT WRITE ON THIS PAGE**
**ANSWER IN THE SPACES PROVIDED**

**There are no questions printed on this page**

**DO NOT WRITE ON THIS PAGE**
**ANSWER IN THE SPACES PROVIDED**

Copyright © 2008 AQA and its licensors. All rights reserved.